

জবি উপাচার্য, রেজিস্ট্রারসহ প্রক্টরিয়াল বড়ির পদত্যাগ

জবি সংবাদদাতা

১১ আগস্ট, ২০২৪

২০:৪০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম, রেজিস্ট্রারসহ পুরো প্রক্টরিয়াল বড়ি পদত্যাগ করেছেন।

রবিবার (১১ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাণ রেজিস্ট্রার অধ্যাপক ড. আইনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম, প্রষ্টের অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেনসহ পুরো প্রষ্টেরিয়াল বডি আমার কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন। রেজিস্ট্রার হিসেবে আমি নিজেও পদত্যাগ করেছি।

এদিন দুপুর আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, প্রষ্টেরিয়াল সহ পুরো প্রষ্টেরিয়াল বডি এবং হল প্রভোস্টের পদত্যাগ দাবিতে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন শিক্ষার্থীরা। পদত্যাগ না করলে কঠোর কর্মসূচির ঘোষণাও দিয়েছিলেন তারা।

এ ছাড়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হলের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রানী সরকার পদত্যাগের বিষয়টি নিজেই নিশ্চিত করেছেন।